



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
সরকারি কলেজ শাখা-১  
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০১৫.২০.১৯২

তারিখ: ২ ভাদ্র ১৪২৭

১৭ আগস্ট ২০২০

বিষয়: ই-ডিরেক্টরির অ্যাপস তৈরি ও গুগল প্লে স্টোরে আপলোড করার অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মুজিববর্ষকে স্মরণীয় করে রাখার লক্ষ্যে কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা কলেজ ও কলেজে কর্মরত কর্মকর্তাদের তথ্যাবলি সম্বলিত একটি ই-ডিরেক্টরির অ্যাপস তৈরি ও গুগল প্লে স্টোরে আপলোড করার উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত অ্যাপসের মাধ্যমে কলেজটি আধুনিক, সৃজনশীল, ব্যয় সাশ্রয়ী ও ব্যবহারকারী বান্ধব হিসেবে গড়ে তোলার লক্ষ্যে অধ্যক্ষ ই-ডিরেক্টরি অ্যাপস তৈরি ও গুগল প্লে স্টোরে আপলোড করার অনুমতি প্রদানের জন্য আবেদন করেছেন।

এমতাবস্থায়, উপরোল্লিখিত বর্ণনা মোতাবেক শিক্ষা মন্ত্রণালয়ের (অডিট শাখা) ২০১৪ সালের পরিপত্র অনুযায়ী যথাযথ ব্যয় নির্বাহপূর্বক ই-ডিরেক্টরি অ্যাপস তৈরি ও গুগল প্লে স্টোর আপলোড করার অনুমতি প্রদান করা হলো।

১৭-৮-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা